কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা

নং-১২.০২৬.০৪০.০০.০০.০১৬.২০১০.৪১৯

তারিখ: ০৮ অগ্রহায়ন ১৪২৮ / ২৩ নভেম্বর ২০২১

## প্রজ্ঞাপন

সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০১৮ এর ৩ নং ধারার (ক) উপধারায় এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৬ এর ৪ নং ধারায় প্রদত্তক্ষমতা বলে নিম্নরুপভাবে জাতীয় সার প্রমিতকরণ কমিটি (National Fertilizer Standardization Committee) পুন:গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ০১। | সিনিয়র সচিব/সচিব, কৃষি মন্ত্রণালয় | সভাপতি |
| ০২। | অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ) | সহ-সভাপতি |
| ০৩। | চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | সদস্য |
| ০৪। | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | সদস্য |
| ০৫। | শিল্প মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদুর্ধ পর্যায়ের কর্মকর্তা) | সদস্য |
| ০৬। | চেয়ারম্যান, মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ০৭। | মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ০৮। | মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| ০৯। | মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| ১০। | মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | সদস্য |
| ১১। | মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| ১২। | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর | সদস্য |
| ১৩। | মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট | সদস্য |
| ১৪। | সদস্য পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা), বিএআরসি, সার বিষয়ক কারিগরি উপকমিটি | সদস্য |
| ১৫। | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস | সদস্য |
| ১৬। | মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | সদস্য |
| ১৭ | চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন | সদস্য |

কমিটির কার্যাবলী ও কার্যপরিধি:

(১) এ কমিটি সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০১৮ এর ৩ নং ধারা এবং সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৪ এর ২নং উপধারায় উল্লিখিত কার্যাবলীসহ নিম্নবর্ণিত কার্যাধি সম্পাদন করবে:

(ক) সার সংগ্রহ, আমদানি, বিলিবন্টন, বিক্রয় ও ব্যবসা সংক্রান্ত বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান;

(খ) মান নির্ধারণ করা হয় নাই এইরুপ নতুন রাসায়নিক সার, জৈব সার, জীবাণু সার (Bio-fertilizer), মিশ্র সুষমসার, যৌগিক সার, সয়েল কন্ডিশনার বা অ্যামেন্ডমেন্ট এবং উদ্ভিদ বৃদ্ধি নিয়ন্ত্রক বা উদ্দীপক (Plant Growth Regulator or Stimulator) এর গবেষণাগার ও মাঠ বা শস্য পর্যায়ে পরীক্ষা পরিচালনা এবং এই সকল পরীক্ষার ফলাফল বা পরিবেশের উপর উহার প্রতিক্রিয়া পর্যালোচনাপূর্বক দেশে উক্ত সামগ্রির উৎপাদন, আমদানি, বিপণন ও ব্যবহার অনুমোদনের জন্য সরকারের নিকট সুপারিশ পেশকরণ;

(গ) বিভিন্ন সারের এবং সার উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের বিনির্দেশ নির্ধারণের জন্য সরকারকে পরামর্শ প্রদান;

(ঘ) বিভিন্ন কৃষি জলবায়ু অঞ্চলে (Agro-ecological) মৃত্তিকা ও ফসলের উপযোগী বিভিন্ন গ্রেডের মিশ্রণ এবং যৌগিক সারের বিনির্দেশ নির্ধারণের জন্য সরকারকে পরামর্শ প্রদান;

(ঙ) সারের ভৌত বা দানাদার মিশ্রণ প্রস্তুত পদ্ধতির (Formulation) বিষয়ে সরকারের নিকট সুপারিশ পেশকরণ;

(চ) সকল প্রকার সারের মান নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় পরীক্ষাগার স্থাপনের বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান;

চলমান পাতা-২

(ছ) সারের নমুনা সংগ্রহ ও বিশ্লেষণের পদ্ধতি নির্ধারণ বা পরিমার্জন;

(জ) অনুমোদিত সারের তালিকা পর্যালোচনা এবং প্রয়োজনে উক্ত তালিকায় সংযোজন বা বিয়োজনের বিষয়ে সরকারের নিকট সুপারিশ প্রদান; এবং

(ঝ) সরকার কর্তৃক প্রেরিত সংশ্লিষ্ট অন্য যে কোন বিষয়ে সরকারের নিকট পরামর্শ বা সুপারিশ প্রদান।

(২) কমিটি প্রয়োজনবোধে সার বিষয়ক অভিজ্ঞ বা সার বিষয়ক কার্যাবলীর সাথে সম্পৃক্ত যে কোন ব্যক্তিকে বিশেষ আমন্ত্রণক্রমে কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করতে পারবে;

(৩) কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ অধিশাখা/শাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে;

(৪) এ প্রজ্ঞাপন জারির সাথে সাথে কমিটি গঠন সংক্রান্ত আদেশের ইতিপূর্বে জারিকৃত সকণ আদেশ/প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৬/১১/২০২১

(আ. ফ. ম আলমগীর কবীর)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০৯৬৪

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব/সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা (যুগ্মসচিব বা তদুর্ধ পর্যায়ের একজন কর্মকর্তা মনোনয়নের জন্য)।
২. অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ),কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ঢাকা।
৪. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা।
৫. চেয়ারম্যান, মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারাড়ী, ফার্মগেট, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৯. মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১১. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১২. মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউট, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
১৩. সদস্য পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা), বিএআরসি, সার বিষয়ক কারিগরি উপকমিটি, ফার্মগেট, ঢাকা।
১৪. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ফার্মগেট, ঢাকা।
১৫. মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
১৬. চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, ১৬৬-১৬৭, আল রাজী কমপ্লেক্স পুরানা পল্টন, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. সিনিয়র সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
২. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. যুগ্মসচিব (উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।